বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলীর **(MCQ)** এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলীর **(SAQ)** উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো **TABLE**-এ লিখতে হবে।

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলী )

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে সঠিকটি নির্বাচন করো : 1 × 24 = 24

(i) 'হাজার দুয়ারী জাদুঘর' হল একটি

(a) প্রাকৃতিক জাদুঘর (b) প্রত্নতাত্ত্বিক জাদুঘর

(c) জীবন্ত জাদুঘর (d) ঐতিহাসিক জাদুঘর।

(ii) মণিকুন্তলা সেন রচিত স্মৃতিকথার নাম

(a) 'একাত্তরের ডায়েরী' (b) 'আমি নেতাজীকে দেখেছি'

(c) 'জীবনের ঝরাপাতা' (d) 'সেদিনের কথা'।

(iii) উত্তমাশা অন্তরীপ সর্বপ্রথম প্রদক্ষিণ করেন

(a) ম্যাগেলান (b) ভাস্কো–ডা–গামা

(c) কলম্বাস (d) বার্থোলোমিউ ডিয়াজ।

(iv) 'দ্য ওয়েলথ অব নেশনস্' গ্রন্থের লেখক

(a) অ্যাডাম স্মিথ (b) হবসন

(c) লেনিন (d) অমর্ত্য সেন।

(v) ভারতীয় শাসন কাঠামোয় নতুন পুলিশি ব্যবস্থা প্রবর্তন করেন

(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড কর্নওয়ালিস

(c) লর্ড ওয়েলেসলি (d) উইলিয়াম বেন্টিঙ্ক।

ExamBangla.com

(vi) স্তম্ভ–১–এর সাথে স্তম্ভ–২ মেলাও :

| স্তম্ভ–১ | স্তম্ভ–২ |
|---|---|
| (i) রেগুলেটিং অ্যাক্ট | (A) 1765 সাল |
| (ii) ফারুকশিয়ারের ফরমান | (B) 1773 সাল |
| (iii) বাংলায় কোম্পানির দেওয়ানি লাভ | (C) 1784 সাল |
| (iv) পিটের ভারত শাসন আইন | (D) 1717 সাল। |

বিকল্প সমূহ :

(a) (i)-(A), (ii)-(B), (iii)-(C), (iv)-(D)

(b) (i)-(C), (ii)-(B), (iii)-(D), (iv)-(A)

(c) (i)-(D), (ii)-(C), (iii)-(A), (iv)-(B)

(d) (i)-(B), (ii)-(D), (iii)-(A), (iv)-(C).

(vii) 1843 সালে চীনে কোন চুক্তি স্বাক্ষরিত হয় ?

(a) পিকিং সন্ধি (b) নানকিং সন্ধি

(c) বোগের সন্ধি (d) তিয়েনসিনের সন্ধি।

(viii) 'গুলামগিরি' গ্রন্থটির রচয়িতা হলেন

(a) জ্যোতিবা ফুলে (b) শ্রীনারায়ণ গুরু

(c) স্বামী দয়ানন্দ সরস্বতী (d) আত্মারাম পাণ্ডুরঙ্গ।

(ix) আলিগড় কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন

(a) উইলিয়াম হান্টার (b) থিওডোর বেক

(c) স্যার সৈয়দ আহমেদ খান (d) লর্ড হেস্টিংস।

NS-HIST



ExamBangla.com

(x) সংস্কারের দাবিতে চীন সম্রাটের কাছে আবেদনপত্র জমা দেন

(a) সান উয়ান-পেই (b) কোয়াংসু

(c) কাং ইউ-ওয়ে (d) চেন-তু-সিউ।

(xi) রাওলাট কমিশনের অপর নাম হল

(a) সিডিশন কমিশন (b) হুইটলি কমিশন

(c) সাইমন কমিশন (d) ওয়াটসন কমিশন।

(xii) কত সালের 16 আগস্ট 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' ঘোষিত হয় ?

(a) 1930 সাল (b) 1931 সাল

(c) 1932 সাল (d) 1933 সাল।

(xiii) ক্রীপস প্রস্তাবকে "একটি ফেলপড়া ব্যাঙ্কের আগামী তারিখের চেক" বলেছিলেন

(a) বল্লভভাই প্যাটেল (b) মহাত্মা গান্ধী

(c) জওহরলাল নেহেরু (d) মহম্মদ আলি জিন্না।

(xiv) নেতাজী সুভাষচন্দ্র বসু 'শহীদ' ও 'স্বরাজ' নাম দেন কোন্ দুটি দ্বীপপুঞ্জের ?

(a) লাক্ষা ও মিনিকয় (b) ফরমোজা ও লুসাকা

(c) গ্রেট বেরিয়ার ও হাওয়াই (d) আন্দামান ও নিকোবর।

(xv) হিদেকি তোজো কোন্ দেশের প্রধানমন্ত্রী ছিলেন ?

(a) চীন (b) জাপান

(c) কোরিয়া (d) ইন্দোনেশিয়া।

ExamBangla.com

(xvi) ইন্দোনেশিয়ার প্রথম প্রধানমন্ত্রী ছিলেন

(a) হো-চি-মিন (b) সুহার্ত

(c) সুকর্ণ (d) মহম্মদ হাত্তা।

(xvii) স্তম্ভ-১-এর সাথে স্তম্ভ-২ মেলাও :

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| (i) ট্রুম্যান নীতি | (A) 1946 |
| (ii) বার্লিন অবরোধ | (B) 1947 |
| (iii) আনজুস চুক্তি | (C) 1948 |
| (iv) ফুলটন বক্তৃতা | (D) 1951. |

বিকল্প সমূহ :

(a) (i)-(A), (ii)-(C), (iii)-(B), (iv)-(D)

(b) (i)-(B), (ii)-(C), (iii)-(D), (iv)-(A)

(c) (i)-(A), (ii)-(D), (iii)-(C), (iv)-(B)

(d) (i)-(C), (ii)-(A), (iii)-(B), (iv)-(D).

(xviii) COMECON গড়ে ওঠে

(a) আমেরিকায় (b) এশিয়ায়

(c) পূর্ব ইউরোপে (d) পশ্চিম ইউরোপে।

(xix) আরব লীগের অধীন ছিল না

(a) মিশর (b) লেবানন

(c) ইরাক (d) ইজরায়েল।



ExamBangla.com

(xx) কুয়োমিনটাং দলের প্রতিষ্ঠাতা কে ?

(a) সানইয়াৎ সেন (b) মাও সে তুং

(c) চিয়াং কাই শেক (d) চৌ–এন লাই।

(xxi) 'বি–উপনিবেশিকরণ' (Decolonisation) শব্দটি প্রথম ব্যবহার করেন

(a) ওয়াল্টার লিপম্যান (b) মরিস. ডি. মরিস

(c) ফ্রানজ ফ্যানন (d) মরিংজ জুলিয়াস বন।

(xxii) স্বাধীন ভারতের পরিকল্পনা কমিশন গঠিত হয়

(a) 1947 সালে (b) 1948 সালে

(c) 1949 সালে (d) 1950 সালে।

(xxiii) বাংলাদেশ মুক্তিযুদ্ধের প্রধান নেতা ছিলেন

(a) শহিদুল্লা (b) জিয়াউল হক

(c) শেখ মুজিবর রহমান (d) সুরাবর্দি।

(xxiv) ভারতের প্রথম অকংগ্রেসী প্রধানমন্ত্রী কে ছিলেন ?

(a) বিশ্বনাথ প্রতাপ সিং (b) চরণ সিং

(c) মোরারজি দেশাই (d) জয়প্রকাশ নারায়ণ।

ExamBangla.com

**( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী )**

2. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 1 × 16 = 16

(i) কোন্ দেশ 'মশলা দ্বীপপুঞ্জ' নামে বিখ্যাত ছিল ?

(ii) 'নতুন বিশ্ব' বলতে কী বোঝায় ?

অথবা

'কৃষ্ণাঙ্গরা শ্বেতাঙ্গ মানুষের বোঝা' — এই ধারণাটি কে প্রচার করেন ?

(iii) কোন্ মার্কিন সেনাপতি সর্বপ্রথম জাপানে পদার্পণ করেন ?

অথবা

লগ্নি পুঁজি কী ?

(iv) দস্তক কী ?

(v) চীনে মুক্তদ্বার নীতি কে ঘোষণা করেছিলেন ?

অথবা

কাওটাও প্রথা কী ?

(vi) 'নব্যবঙ্গ' নামে কারা পরিচিত ?

(vii) 'দিকু' কাদের বলা হত ?

অথবা

কে 'দক্ষিণ ভারতের বিদ্যাসাগর' নামে পরিচিত ?

(viii) জাপান কবে চীনের কাছে 'একুশ দফা দাবি' পেশ করেছিল ?

(ix) 'মাহাদ মার্চ' কী ?

অথবা

মীরাট ষড়যন্ত্র মামলায় কারা অভিযুক্ত ছিলেন ?

(x) 'টিসকো' কবে প্রতিষ্ঠিত হয় ?

(xi) 'সি.আর.ফর্মুলা' কী ?

(xii) কে 'ইন্দো-চায়না কমিউনিস্ট পার্টি' প্রতিষ্ঠা করেন ?

অথবা

'তানাকা মেমোরিয়াল' কী ?

ExamBangla.com

(xiii) 'বার্লিন অবরোধ' কী ?

(xiv) বুলগানিন কে ছিলেন ?

(xv) 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি' কোথায় প্রথম প্রতিষ্ঠিত হয়েছিল ?

(xvi) আলজেরিয়া কত সালে স্বাধীনতা লাভ করে ?

---

**( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলী )**

3. যে–কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও (প্রতিটি খণ্ড থেকে ন্যূনতম দুটি প্রশ্নের উত্তর আবশ্যক) (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 8 × 5 = 40

**খণ্ড – ক**

(i) পেশাদারি ইতিহাস বলতে কী বোঝায় ? অপেশাদারি ইতিহাসের সঙ্গে পেশাদারি ইতিহাসের পার্থক্য কী ? 3 + 5

অথবা

'মিথ' বলতে কী বোঝো ? মিথ ও কিংবদন্তীর মধ্যে পার্থক্য নির্দেশ করো। 4 + 4

(ii) পলাশী ও বক্সারের যুদ্ধের ফলাফলের তুলনামূলক আলোচনা করো।

(iii) নানকিং ও তিয়েনসিনের সন্ধির মূল শর্তগুলি আলোচনা করো। 4 + 4

(iv) একজন সমাজসংস্কারক হিসেবে রাজা রামমোহন রায়ের অবদান মূল্যায়ন করো।



ExamBangla.com

খণ্ড – খ

(v) মন্টেগু–চেমসফোর্ড সংস্কার আইনের (1919) সমালোচনামূলক বিশ্লেষণ করো।

অথবা

বাংলায় 1943 খ্রিস্টাব্দের দুর্ভিক্ষের কারণগুলি কী ছিল ? এই ব্যাপারে ব্রিটিশ সরকারের ভূমিকা কী ছিল ? 4 + 4

(vi) ভারতের স্বাধীনতা সংগ্রামে সুভাষচন্দ্র বসু'র অবদান পর্যালোচনা করো।

(vii) সুয়েজ সংকটের কারণ ও ফলাফল আলোচনা করো। 4 + 4

(viii) বাংলাদেশের মুক্তিযুদ্ধের সংক্ষিপ্ত পরিচয় দাও। এই যুদ্ধে ভারতের ভূমিকা কী ছিল ? 5 + 3

ExamBangla.com